

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং-০৯/২০২১

তারিখঃ ০৩/০১/২০২১খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর স্মারক নং-এস-৪/১১২/প্রশাসন/Asycuda World System/১২-১৩(অংশ-৩) ৪৮৪৫০() তারিখঃ ৩০/১২/২০২০খ্রিঃ সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

মোঃ মিজবুর রহমান
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

www.chc.gov.bd E-mail: customhousectg@gmail.com

নথি নং-এস-৪/১১২/প্রশাসন/Asycuda World System/১২-১৩(অংশ-৩)

তারিখঃ ৩০/১২/২০২০খ্রিঃ

অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রপ্তানি কার্যক্রমের গতিশীলতা আনয়নের লক্ষ্যে অফিস আদেশ নং-এস-৪/১১২/প্রশাসন/Asycuda World System/১২-১৩(অংশ-২)/৩৪৬৫(১-১৮) তারিখঃ ২৪/০২/২০১৬খ্রিঃ এর মাধ্যমে এ দপ্তরের আওতাধীন ১৯ (উনিশ) টি অফডক যথাঃ- (১) গোল্ডেন কন্টেইনার লিঃ (২) পোর্ট লিংক (৩) এছাক ব্রাদার্স লিঃ (৪) সিসিটিসিএল (৫) কিউএনএস কন্টেইনার ডিপো (৬) কেএন্ডটি লজিস্টিকস লিঃ (৭) শফি মোটরস লিঃ (৮) এসএপিএল (৯) ইস্টার্ন লজিস্টিকস লিঃ (১০) ইনকনট্রেড লিঃ (১১) ওশান কন্টেইনার লিঃ (১২) ন্যামসন ডিপো (১৩) ভারটেক্স (১৪) বিএম কন্টেইনার লিঃ (১৫) কেডিএস লজিস্টিকস (১৬) ইম্পাহানী সামিট এ্যালায়েন্স টার্মিনালস লিঃ (১৭) ইকবাল ডিপো লিঃ (১৮) সাবের আহমেদ টিম্বার (১৯) সী-ফেয়ারার্স এর মাধ্যমে রপ্তানিযোগ্য পণ্যের শুদ্ধায়ন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে ইতোমধ্যেই সংশ্লিষ্ট অফডকসমূহে ASYCUDA WORLD SYSTEM এর সংযোগ প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ফলে রপ্তানি সংক্রান্ত সকল দলিলাদি যেমন বিল অব এক্সপোর্ট, ইনভয়েস, প্যাকিং লিস্ট, ইএক্সপি (অনলাইন কপি) এলসি/এক্সপোর্ট অর্ডার, প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য দলিলাদি অফডক কর্তৃক শুদ্ধায়ন ও পরীক্ষণ কার্যক্রম সম্পন্ন করার পর সংশ্লিষ্ট দলিলাদি এ দপ্তরের অফিস আদেশ নং-এস-৪/১১২/প্রশাসন/Asycuda World System/১২-১৩ (অংশ-২)/৩৪৬৫(১-১৮) তারিখঃ ২৪/০২/২০১৬খ্রিঃ এর মাধ্যমে দাখিল/জমা দেওয়ার জন্য বলা হলেও ইদানিং বেশ কিছু রপ্তানিকারক প্রতিষ্ঠান/তাদের মনোনীত সিএন্ডএফ এজেন্ট উল্লেখিত দলিলাদি জমা প্রদান করছে না। ফলে বিভিন্ন দপ্তর/সংস্থা যেমনঃ দুদক, সিআইডি, পিবিআই, কাস্টমস্ গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, কাস্টমস্ মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, বাংলাদেশ ব্যাংক, বাণিজ্যিক ব্যাংক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর ইত্যাদি কর্তৃক যাচিত তথ্যাদি প্রেরণ করা/সরবরাহ করার ক্ষেত্রে জটিলতা দেখা দিচ্ছে। তাছাড়া Customs Act-1969 এর Section-211 অনুসারে এ সকল দলিলাদি ০৫ বছরের জন্য সংরক্ষণ করার বিধান রয়েছে।

০২। এমতাবস্থায়, অফডক কর্তৃক শুদ্ধায়িত সকল দলিলাদি শুদ্ধায়ন সমাপ্তির পর পোশাক শিল্প সংশ্লিষ্ট রপ্তানিকারক প্রতিষ্ঠান/তাদের মনোনীত সিএন্ডএফ এজেন্ট এ দপ্তরের রপ্তানি সেকশন-২ এবং পোশাক শিল্প ব্যতিত অন্যান্য রপ্তানিকারক প্রতিষ্ঠান/ তাদের মনোনীত সিএন্ডএফ এজেন্ট এ দপ্তরের রপ্তানি সেকশন-১ এ দাখিল/জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ ফখরুল আলম)
কমিশনার অব কাস্টমস

নথি নং-এস-৪/১১২/প্রশাসন/Asycuda World System/১২-১৩(অংশ-৩)৪৮৪৫০() তারিখঃ ৩০/১২/২০২০খ্রিঃ